দামুড়হুদায় পুলিশের মাদক বিরোধী অভিযানে গাঁজাসহ আটক ১

দামুড়হুদা মডেল থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ৫০০ গ্রাম গাঁজাসহ রইচউদ্দীন (৪০) নামে একজনকে আটক করেছেন।

আজ মঙ্গলবার সন্ধ্যা ৬টার দিকে কার্পাসডাঙ্গার বাঘাডাঙ্গা গ্রাম থেকে। আসামী রইচউদ্দীন কার্পাসডাঙ্গা ইউনিয়নের কার্পাসডাঙ্গা ভুমিহীনপাড়ার আরজুল্লাহ’র ছেলে।

পুলিশ সূত্রে জানা যায় দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবিরের নেতৃত্বে কার্পাসডাঙ্গা ক্যাম্পের এসআই ইমরান হোসেন, এএসআই মোঃ মসলেম উদ্দিন সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী বিশেষ অভিযান পরিচালনা কালে গোপন সংবাদের ভিত্তিতে মঙ্গলবার সন্ধ্যা ৬টার দিকে দামুড়হুদা মডেল থানাধীন বাঘাডাঙ্গা গ্রামস্থ জনৈক ফারুক হোসান এর কলাবাগানের সামনে কার্পাসডাঙ্গা হতে বাঘাডাঙ্গাগামী পাকা রাস্তার উপর হতে ৫০০ গ্রাম গাঁজাসহ রইচউদ্দীন কে হাতেনাতে আটক করেন।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

দামুড়হুদা থানা পুলিশের অভিযানে গাঁজাসহ আটক ১

দামুড়হুদা মডেল থানা পুলিশ অভিযান চালিয়ে মিলন (৩৫) নামের এক মাদক কারবারি কে গাঁজা সহ আটক করেছে। আটককৃত মাদক কারবারি ভগিরাতপুর পুরাতনপাড়ার চাঁদ আলীর ছেলে।

থানা সূত্রে জানাগেছে, দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আলমগীর কবিরের নেতৃত্বে থানার সেকেন্ড অফিসার এসআই আসাদুর রহমান আসাদ, এএসআই মঞ্জুর রহমান সঙ্গীয় ফোর্সসহ

মাদক বিরোধী বিশেষ অভিযান ডিউটি করার সময় গোপন সংবাদের ভিত্তিতে দামুড়হুদা থানাধীন চারুলিয়া ব্রিজের পশ্চিম পার্শ্বে পাকা রাস্তার উপর থেকে মিলন হোসেন কে আটক করে।

এসময় আটককৃতর কাছ থেকে ৫’শ গ্রাম গাঁজা উদ্ধার করে পুলিশ। আটককৃত বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে।

দামুড়হুদার চিৎলায় আ.লীগের শান্তি উন্নয়ন সমাবেশ, মনোনয়ন প্রত্যাশী ১০ নেতা

আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে দামুড়হুদার চিৎলা মোড়ে শান্তি ও উন্নয়ন সমাবেশ করেছে আওয়ামীলীগের চুয়াডাঙ্গা -২ আসনের ১০জন মনোনয়ন প্রত্যাশী।

আজ শনিবার বিকেল ৪টার দিকে দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের আয়োজনে শান্তি ও উন্নয়ন সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে বর্তমান সরকারের উন্নয়ন চিত্র সাধারণ জনগণের মাঝে তুলে ধরে বক্তব্য রাখেন নেতৃবৃন্দ। এক পর্যায়ে শান্তি ও উন্নয়ন সমাবেশ জনসভায় রুপ নেয়। দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মঞ্জুর সভাপতিত্বে শান্তি ও উন্নয়ন সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক বীর মুক্তিযোদ্ধা আজাদুল ইসলাম আজাদ।

দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলামের সণ্চালনায় এসময় বিশেষ অতিথি ছিলেন জীবননগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি অবসরপ্রাপ্ত উপাধ্যক্ষ নজরুল ইসলাম, সাধারণ সম্পাদক সাবেক উপজেলা চেয়ারম্যান আব্দুল লতিফ অমল, দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সাবেক সভাপতি সিরাজুল আলম ঝন্টু, কৃর্ষি

সম্প্রসারণ অধিদফতরের সাবেক মহাপরিচালক হামিদুর রহমান, দৈনিক সকালের সময় পত্রিকার সম্পাদক ও প্রকাশক, বাংলাদেশ সংবাদপত্র পরিষদের মহাসচিব মানবাধিকার কর্মী নূর হাকিম, চুয়াডাঙ্গা জেলা আওয়ামীলীগের সাবেক সহ সভাপতি নজরুল মল্লিক, দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সাবেক যুগ্ন সাধারণ সম্পাদক জুড়ানপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহরাব হোসেন, দামুড়হুদা উপজেলা কৃষকলীগের সভাপতি রফিকুল ইসলাম, দর্শনা কলেজের সাবেক ভিপি এয়ার কমোডর আবুবক্কর, কেন্দ্রীয় যুবলীগের নির্বাহী সদস্য এ্যাডঃ শাহরিয়ার কবীর, দামুড়হুদা উপজেলা যুবলীগের সাবেক আহবায়ক চুয়াডাঙ্গা জেলা জজকোর্টের এপিপি অ্যাড. আবু তালেব।

এসময় অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা যুবলীগের সাবেক যুগ্ন আহবায়ক এস এম মহসীন আলী, দর্শনা সরকারি কলেজের সাবেক ভিপি জামাল উদ্দীন। এসময় উপস্থিত ছিলেন নতিপোতা ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোমিনুল হক, নাটুদহ ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক রেজাউল করীম, কৃর্ষি বিষয়ক সম্পাদক আবুল কাশেম, জুড়ানপুর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আবু তালেব মাষ্টার, কুড়ালগাছি ইউনিয়ন আওয়ামীলীগের সহসভাপতি কাফি উদ্দীন টুটুল, পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ন আওয়ামী লীগের যুগ্মসম্পাদক আশাদুল হক, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক ছাত্রলীগ নেতা বদর উদ্দিন, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সাবেক ছাত্রলীগ নেতা সেলিম মল্লিক, অ্যাড. ইউনুস আলী, হাসাদহ ইউনিয়ন আওয়ামীলীগের দপ্তর সম্পাদক মাহবুব, জীবননগর উপজেলা সেচ্ছাসেকলীগের সভাপতি আবু মাসুম, দর্শনা পৌর ৬নং ওয়ার্ড আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এম এ ফয়সাল, নতিপোতা ইউপির ৭ নং ওয়ার্ড সভাপতি নিয়াকত আলী, নাটুদহ ইউপির ৭ নং ওর্য়াড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক কলিম উদ্দীন, নাটুদহ ইউপির কৃষকলীগের সভাপতি মোশাররফ হোসেন, আওয়ামী লীগ নেতা মহাসিন আলী, হারুন অর রশীদ, আব্দুল হান্নান, আব্দুল মতিন, দামুড়হুদা উপজেলা যুবলীগের অন্যতম নেতা হযরত আলী, জাহাঙ্গীর আলম(১), জাহাঙ্গীর আলম (২) ফজলুর রহমান ফজু, নাটুদহ ইউনিয়ন যুবলীগের আহবায়ক আনোয়ার হোসেন, কুড়ালগাছি ইউনিয়ন কৃষকলীগের সভাপতি করিম শাহ, যুবলীগ নেতা লাল্টু, দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের আইন বিষয়ক সম্পাদক বুলবুল আহমেদ, আব্দুল ওদুদ শাহ ডিগ্রী কলেজ ছাত্র লীগের যুগ্ম আহ্বায়ক এম এ করিম, ঢাকা উত্তর ছাত্রলীগের সাবেক নেতা রাসেল আহমেদ মিঠু, দর্শনা কলেজ ছাত্র লীগনেতা হৃদয় হাসান, নাটুদহ ইউনিয়ন ছাত্রলীগনেতা ওয়াচকুরুণী খান, আবীর উপজেলা প্রজন্মলীগ নেতা হাসান আল বাখার ডলারসহ স্থানীয় আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগ ও অঙ্গ

সংগঠনের নেতৃবৃন্দ।

দামুড়হুদায় আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস উদযাপন

দামুড়হুদায় আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস উদযাপন উপলক্ষে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার সকাল ১০ টার দিকে এ উপলক্ষে একটির্ র্যালী শেষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে র্যালি ও আলোচনা সভায় সভাপতিত্ব করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকসানা মিতা। দূর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের বাস্তবায়নে আলোচনা সভায় বক্তব্য রাখেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, দর্শনা ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার নাসির উদ্দীন।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসের নাজির শাখাওয়াত হোসেন, দামুড়হুদা সরকারি পাইলট হাই স্কুলের সহকারী শিক্ষিক আশরাফুল হক, দামুড়হুদা প্রেসক্লাবের যুগ্ন সাধারণ সম্পাদক মিরাজুল ইসলাম মিরাজ, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসের অফিস সহকারী জাকির হোসেন সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীবৃন্দ প্রমুখ।

দামুড়হুদার জয়রামপুরে তপন

স্মৃতি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত

দামুড়হুদার জয়রামপুরে তপন স্মৃতি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে। এতে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে আড়িয়া মিশন টাইগার ক্লাব।

আজ শুক্রবার বিকেল ৪টার দিকে জয়রামপুর ইউথ ক্লাব মাঠে খেলাটি অনুষ্ঠিত হয়।

জয়রামপুর ইউথ ক্লাবের আয়োজন ফাইনাল খেলায় মুখোমুখি মাঠে নামে আড়িয়া মিশন টাইগার ক্লাব বনাম ইঞ্জিনিয়ারিং ক্লাব কাঞ্চনপুর। খেলার নির্ধারিত সময়ে ইঞ্জিনিয়ারিং ক্লাব কাঞ্চনপুর কে ১-০গোলে হারিয়ে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে আড়িয়া মিশন টাইগার ক্লাব। খেলা শেষে দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক হাজী সহিদুল ইসলাম পুরষ্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পুরষ্কার তুলে দেন চ্যাম্পিয়ন দল ও রানার্স আপ দলের খেলোয়াড়দের।

জয়রামপুর ইউথ ক্লাবের সভাপতি জাকির হোসেনের সভাপতিত্বে পুরষ্কার বিতরণ অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন চুয়াডাঙ্গা ফুটবল এসোসিয়েশন সভাপতি এখলাছ উদ্দিন সুজন।

জয়রামপুর ইউথ ক্লাবের সাধারণ সম্পাদক সাইফুল ইসলামের সঞ্চালনায় এসময় অতিথি ছিলেন জয়রামপুর ইউথ ক্লাবের সাবেক সভাপতি ইউনুছ আলি,আমজাদ হোসেন, সিরাজুল ইসলাম মাস্টার, নিশান তরফদার, দামুড়হুদা স্পোর্টিং ক্লাবের সভাপতি এমরাজ উদ্দীন খোকন, আহসান কবির রিপন প্রমুখ। খেলায় রেফারির দায়িত্ব পালন ইকরামুল হাসান নিপুণ, আব্দুস সবুর, তরিকুল ইসলাম আলো। মেডিকেল টিমের দায়িত্ব পালন করেন আবু বক্কর ও রাশিদুল ইসলাম স্বপন, ধারাভাষ্যকার ছিলেন শামীম খাঁন।

দামুড়হুদায় সুবিধাভোগীদের সাথে এমপি টগরের মতবিনিময় সভা

বাংলাদেশ এখন উন্নয়নের মডেল হিসাবে সারা বিশ্বে পরিচিত লাভ করেছে। আওয়ামীলীগ সরকার ক্ষমতায় আসার একের পর এক উন্নয়নের ধারা অব্যহত রয়েছ। জাতির জনক বঙ্গবন্ধু স্বপ্ন দেখেছিলেন দারিদ্র্য খুদা নিরক্ষর মুক্ত একটি সোনার বাংলাদেশ। জাতির জনকের স্বপ্ন পৃরনে তারিউ সুযোগ্য কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশ ও জাতির উন্নয়নে কাজ করে যাচ্ছেন নিরন্তর। দেশের প্রতিবন্ধী ও অসহায় মানুষের কষ্ট লাগবে গ্রহন করেছে নানামুখী কর্মসৃচী। বয়স্কভাতা বিধবাভাতা মাতৃকালীনভাতা ও মুক্তিযোদ্ধা ভাতা ব্যাবস্থা করেছে। কোন মেধামী ছাত্র অর্থের অভাবে ঝরে না পড়ে সেজন্য শিক্ষা ভাতা বছরের শুরুতে বিনামূল্য বই দেওয়া হচ্ছে। রাস্তা ঘাট ব্রীজ মসজিদ, মুন্দির, স্কুল কলেজ মাদ্রাসা অসংখ্য বভনসহ অবকাঠামো উন্নয়ন করেছে শেখ হাসিনা সরকার।তাই আসুন উন্নয়নের অগ্রযাত্রা ধরে রাখতে আবারো নৌকা মার্কায় ভোট দিয়ে জননেত্রী শেখ হাসিনাকে সরকার গঠনে ঐক্য বদ্ধ হয়ে কাজ করি।দামুড়হুদা উপজেলায় ইউনিয়ন পর্যায়ে বর্তমান সরকারের সামাজিক সুরক্ষা কর্মসূচির আওতায় সুবিধাভোগী ব্যাক্তিদের নিয়ে মতবিনিময় সভায় চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর এসব কথা বলেন।

গতকাল বৃহস্পতিবার সকাল ১০টার দিকে দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের আয়োজনে কুড়ুলগাছি ফুটবল মাঠে আয়োজিত এ মতবিনিময় সভায় দামুড়হুদা উপজেলা নির্বাহি অফিসার রোকসানা মিতার সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা ২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর।

এসময় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামীলীগের সাধারন সম্পাদক আলী মুনছুর বাবু, দামুড়হুদা উপজেলা আ লীগের সাধারণ সম্পাদক হাজী শহিদুল ইসলাম, দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু, দর্শনা পৌর আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক গোলাম ফারুক আরিফ,দর্শনা কেরুর প্রশাসন বিভাগের সাবেক এডিএম শেখ শাহাব উদ্দীন, কুড়ুলগাছি ইউনিয়ন আ লীগের সভাপতি এম হাবিবুল্লাহ বাহার, সাধারণ সম্পাদক মোঃ সরোয়ার হোসেন, সহসভাপতি ওসমান গনি, সাবেক চেয়ারম্যান শাহ

মোঃ এনামুল করিম ইনু, সাংগঠনিক সম্পাদক হাসমত আলী, দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট প্রমুখ।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন দামুড়হুদা উপজেলা সমাজ সেবা অফিসার মোফাজ্জেল হোসেন। অনুষ্ঠাটির আযোজন করেন কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ কামাল উদ্দীন।

দামুড়হুদায় শারদীয় দুর্গাপূজা উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা

দামুড়হুদায় আসন্ন শারদীয় দুর্গাপূজা ২০২৩ উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার দুপুর সাড়ে ৩ টার সময় উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের সম্মেলন কক্ষে দুর্গাপূজা উদযাপনের প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন, উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার, দামুড়হুদা মডেল থানার ওসি তদন্ত শেখ মাহাবুব, দর্শনা থানার ওসি অপারেশন শফিউল আলম, উপজেলা প্রকৌশলী আব্দুর রসিদ, উপজেলা সমবায় অফিসার হারুন অর রসিদ, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান, উপজেলা আনসার ভিডিপির কর্মকর্তা রাফেজা বেগম, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস, নাটুদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শফিকুল ইসলাম, হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন, উপজেলার ফায়ার সার্ভিসের কমান্ডার, বিজিবির ক্যাম্প কমান্ডার বৃন্দ, উপজেলার ২২ টি পূজা মণ্ডপের সভাপতি সাধারণ সম্পাদক বৃন্দ সহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও সাংবাদিক বৃন্দ উপস্থিত ছিলেন।

আসন্ন শারদীয় দুর্গাপূজা উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভায় বক্তারা বলেন, প্রতিটা পূজা মন্ডপে যেন সিসিটিভি ক্যামেরা স্থাপন করা হয়। আগত দর্শনার্থী মেয়েদের যেন কোনোভাবেই কেউ ইভটিজিং না করে সেদিকে সবাইকে খেয়াল রাখতে হবে।

উপজেলায় এবার ২২ টি পূজা মন্ডপে শারদীয় দুর্গাপূজা অনুষ্ঠিত হবে। আলোকসজ্জার ক্ষেত্রে অবশ্যই উন্নত মানের তার ব্যবহার করতে হবে। কোনভাবে যেন শর্ট সার্কিট না হয়। প্রতিটি পূজা মন্ডপে অগ্নি নিরপনের ব্যবস্থা রাখতে হবে। পূজা চলাকালীন অবস্থায় কোনো নেশা বা অতিরিক্ত মদ্যপান করা যাবে না। সবাই মনে রাখবেন, ধর্ম যার যার উৎসব সবার।

এসময় উপজেলার ২২ টি পূজা মন্ডপে খরচের জন্য কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস ২২ হাজার টাকা প্রদান করেন।

দামুড়হুদায় আইন শৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত

দামুড়হুদায় উপজেলা আইন শৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার দুপুর আড়াই টার সময় উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের সম্মেলন কক্ষে মাসিক সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন, উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার, দামুড়হুদা মডেল থানার ওসি তদন্ত শেখ মাহাবুব, দর্শনা থানার ওসি অপারেশন শফিউল আলম, উপজেলা প্রকৌশলী আব্দুর রসিদ, উপজেলা সমবায় অফিসার হারুন অর রসিদ, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান, উপজেলা আনসার ভিডিপির কর্মকর্তা রাফেজা বেগম, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস, নাটুদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শফিকুল ইসলাম, হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন, উপজেলার ফায়ার সার্ভিসের কমান্ডার,

বিজিবির ক্যাম্প কমান্ডার বৃন্দ সহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও সাংবাদিক বৃন্দ উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় সুবিধা ভোগিদের নিয়ে মতবিনিময় সভা

দামুড়হুদা সদর ইউনিয়ন চত্বরের বোর্ড মাঠে সরকারের সামাজিক সুরক্ষার আওতায় সুবিধা ভোগীদের নিয়ে এক মত বিনিময় সভা অনুস্ঠিত হয়েছে।

আজ বুধবার বেলা ১১টায় দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসান মিতার সভাপতিত্বে প্রধান অতিথির বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা ০২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, বঙ্গবন্ধু কন্যা দেশরত্ন প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে পুনরায় নৌকা প্রতিকে ভোট দিয়ে জয়যুক্ত করলে দেশের মানুষ আরো বেশী বেশী সুবিধা পাবে। দেশের মানুষ এখন নিরাপদে রাত্রি যাপন করে। দেশের মানুষ এখন ডিজিটাল সেবা পাচ্ছে। বয়স্ক ভাতা, প্রতিবন্ধী ভাতা, মাতৃকালীন ভাতা, বিধবা ভাতা সহ বিভিন্ন ধরনের এসব ভাতা শেখ হাসিনার সরকারের আমলেই শুরু হয়েছে। তিনি দেশের প্রান্তিক জনগণের কথা ভাবেন। তাদের কথা চিন্তা করেন। দেশে প্রচুর পরিমাণে উন্নয়ন হয়েছে যা এখন দেশের জনগণ ভোগ করছে। কৃষিখাতে, শিক্ষা খাতে, স্বাস্থ্য খাতে, যোগাযোগ খাতে সহ দেশের সব খাতে ব্যাপক উন্নয়ন হয়েছে।

অনুষ্ঠানে প্রধান আলোচক ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ডঃ কিসিন্জার চাকমা, বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী মো: শহিদুল ইসলাম, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু,
সদর ইউপি চেয়ারম্যান মোঃ হযরত আলী, সদর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সাবেক জেলা পরিষদ সদস্য শফিউল কবির ইউসুফ, দামুড়হুদা উপজেলা যুবলীগের সাবেক যুগ্ম আহবায়ক সেলিম উদ্দিন বগা, উপজেলা ছাত্র লীগের সাধারণ সম্পাদক সাজু আহাম্মেদ রিংকু সহ

আওয়ালীগ, যুবলীগ ছাত্রলীগ নেতাকর্মী বৃন্দ ও সুবিধাভোগী নারী পুরুষগন মত বিনিময সভায় অংশ গ্রহন করেন।

দামুড়হুদায় ফুলকপি চাষে ক্ষতিগ্রস্থ কৃষকের জমি পরিদর্শনে কৃষি অফিসার

দামুড়হুদা উপজেলার জয়রামপুরে ফুলকপি চাষে ক্ষতিগ্রস্থ কৃষকের ক্ষেত পরিদর্শন করলেন কৃষি অফিসার শারমিন আক্তার। গতকাল রোববার বেলা ১২ টার দিকে তিনি সরজমিনে জয়রামপুর মাঠে গিয়ে পরিদর্শন করেন।

জানাগেছে দামুড়হুদা উপজেলার জয়রামপুরে কিরন ফুলকপি চাষে ক্ষতিগ্রস্থ হয় অসংখ্য কৃষক। এ বিষয়ে বিভিন্ন পত্রপত্রিকায় সংবাদ প্রকাশিত হয়। তারই ধারাবাহিকতায় উপজেলার জয়রামপুরের ভুক্তভোগী ২০ জন কৃষক ক্ষতিপূরণ চেয়ে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা বরাবর লিখিত অভিযোগ করেন। অভিযোগের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপরে তদন্তের ভার দেন। তারই প্রেক্ষিতে গতকাল রোববার দুপুরে উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার ক্ষতিগ্রস্ত ফুলকপি চাষীদের ক্ষেত সরজমিনে পরিদর্শন করেন এবং কৃষকদের সঙ্গে আলাপ আলোচনা করে তাদের খোঁজখবর নেন।

এ সময় উপস্থিত ছিলেন উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা অভিজিৎ কুমার বিশ্বাস সহ উপসহকারি কৃষি অফিসার ও ভুক্তভোগী কৃষকেরা।

এ সময় উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার বলেন, আমরা তদন্ত করতে গিয়েছিলাম। কৃষক নি:সন্দেহে ক্ষতিগ্রস্ত হয়েছে। তবে কারণ টা আমরা আরো বিস্তারিত সবকিছু পর্যবেক্ষণ করে পরে প্রতিবেদন আকারে মতামত দিব।